



ছাত্র সমন্বয়ক পরিচয়ে সন্ত্রাস ও চাঁদাবাজি: মূল হোতাসহ তিনজন আটক



সংগৃহীত ছবি

ছাত্র সমন্বয়ক পরিচয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড, চাঁদাবাজি ও মামলা বাণিজ্যে জড়িত একটি চক্রের তিন সদস্যকে গ্রেফতার করেছে যৌথবাহিনী। আটককৃতদের মধ্যে মূল হোতা আসাদুর রহমান আকাশসহ তার দুই সহযোগী রয়েছেন।

ছাত্র সমন্বয়ক পরিচয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড ও চাঁদাবাজির অভিযোগে মূল হোতা আসাদুর রহমান আকাশ (২৪), তার সহযোগী মো. ফরিদ উদ্দিন (২৬) এবং মো. রবিন (২৫)-কে যৌথবাহিনীর একটি দল গ্রেফতার করেছে। শনিবার (৪ অক্টোবর) ভোররাতে গোপন তথ্যের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

সেনাবাহিনী এক বিবৃতিতে জানায়, দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে জননিরাপত্তা, আইন-শৃঙ্খলা ও স্থিতিশীলতা রক্ষায় সেনাবাহিনী নিরপেক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করছে। সেই ধারাবাহিকতায় আইনবহির্ভূত কর্মকাণ্ড দমন ও আইনের শাসন প্রতিষ্ঠায় এ অভিযান পরিচালিত হয়।

যৌথবাহিনীর প্রাথমিক তদন্তে জানা যায়, আসাদুর রহমান আকাশ ও তার সহযোগীরা নিজেদের প্রভাব বিস্তারের লক্ষ্যে সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে নিয়মিত চাঁদাবাজি করত। তারা মিথ্যা মামলা ও হয়রানিমূলক অভিযোগের মাধ্যমে অর্থ আদায় এবং মামলাকে ব্যবসায়িক হাতিয়ার হিসেবে ব্যবহার করত।

এছাড়া, সাম্প্রতিক সময়ে তাদের বিরুদ্ধে মব ভায়োলেন্স সৃষ্টি, সাংবাদিকদের ওপর হামলা, ভয়ভীতি প্রদর্শনসহ সন্ত্রাসী তৎপরতার একাধিক অভিযোগ উঠেছে। এসব ঘটনার বিষয়ে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক গণমাধ্যমেও প্রতিবেদন প্রকাশিত হয়েছে।

যৌথবাহিনী জানায়, গ্রেফতারকৃতদের প্রাথমিক জিজ্ঞাসাবাদ চলছে। তাদের কাছ থেকে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে এবং বিস্তারিত পরে জানানো হবে।